

# এইচএসসির ২২ ও ২৪ জুলাইয়ের স্থগিত পরীক্ষা একই দিনে হবে

অনলাইন ডেক্স



ফাইল ছবি/কালের কঠ

২২ এবং ২৪ জুলাইয়ের স্থগিত এইচএসসি ও সমমানের পরীক্ষা

একই দিনে নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা চৌধুরী

রফিকুল আবরার (সি আর আবরার)। তবে স্থগিত পরীক্ষা কবে

হবে তা এখনো সিদ্ধান্ত হ্যানি।

আজ বুধবার দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে

তিনি এ কথা বলেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, ‘২২ ও ২৪ জুলাইয়ের পরীক্ষা কবে নেওয়া

হবে, বিজ্ঞপ্তির মাধ্যমে তা জানিয়ে দেব।

তবে ২২ জুলাইয়ের পরীক্ষা সকালে এবং ২৪ জুলাইয়ের পরীক্ষা

একই দিন বিকালে নেওয়া হবে।’

এর আগে রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে  
যুদ্ধবিমান বিধ্বস্ত হয়ে হতাহতের ঘটনায় মঙ্গলবারের এইচএসসি  
ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়। পরে ২৪ জুলাইয়ের পরীক্ষা  
স্থগিত হওয়ার ঘোষণাও এসেছে।

রুটিন অনুযায়ী আজ মঙ্গলবার (২২ জুলাই) রসায়ন (তত্ত্বায়)  
দ্বিতীয় পত্র/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র (মানবিক  
শাখা)/ইতিহাস দ্বিতীয় পত্র/গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন  
দ্বিতীয় পত্র/উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন দ্বিতীয় পত্রের পরীক্ষা  
ছিল।

আর ২৪ জুলাই অর্থনীতি প্রথম পত্র/প্রকৌশল অক্ষন ও ওয়ার্কশপ  
প্র্যাকটিস প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।